




সুন্নাহ মেনে খাওয়া-দাওয়া

এমো এমো সবাই মিলে
শুনি দিয়ে মন
সুন্নাহ মেনে খাওয়া-দাওয়া
হবে যে কেমন।

সবার আগে হাত দুটো যে
ধুয়ে নেওয়া চাই
বাম হাত দিয়ে খেতে মানা
ডান হাতে তাই খাই।

শুরুর সময় বিসমিল্লাহ
বলতে তোমার হবে
ভাবছ নাকি উপায় কী আর
ভুলে গেলে তবে?

বিসমিল্লাহি ফি
আওয়ালিহি ওয়া আখিরিহ



সবজান্তা

এই বাড়িতে যা ঘটে ভাই
দেখতে আমার হবেই
নইলে কাপড় বোঁচকা বেঁধে
ঘুরতে যেতাম কবেই!

ওই যে দেখো বারান্দাতে
বই ছড়িয়ে বসে
ভাইয়া কেমন পড়বে বলে
ভং ধরেছে কষে।

জানি বাপু, এখানটাতেও
নেই গতি নেই কোনো,
আমি যদি না যাই তবে
বসবে না তার মনও!

তাই তো জোরে বইয়ের পানে
দিচ্ছি হামাগুড়ি
পশ্চিতিতে এই জগতে
মিলবে না আর জুড়ি।

দেখি দেখি, পড়ছ কী হে
ঠিকমতো সব আছে?
যাচাই আন্মায় করতে হবে
ডুল না শেখো পাছে!

দুর্ঘট্ট পাখি বলল ডাকি ছোট্ট পাখিরে
আমার সাথে বাপ-মা ছেড়ে যাবি নাকি রে?
ছোট্ট পাখি বলল না না
তোমায় চিনি না
তোমার সাথে ওদের ছেড়ে কোথাও যাব না
মা-বাবা তো আমার কাছে অনেক দামি দুই হীরা
ওদের জন্য দুআ জানো কি?

রাব্বির হামহমা কামা রাব্বাইয়ানি মাগিরা



নানু-দাদুর কোল

মা-বাবা যে কত্ত বোকা
জন্ম থেকে ভাবছি তাই
আমায় নিয়ে চিন্তা দেখে
মুঁহা বুঝি যাচ্ছি ভাই।

নরম গদি ডুবতে পারি
শক্ত পাছে কফট হয়
একটু কথায়, হাঁটাচলায়
নিদ্রা যদি নফট হয়।

কাঁথা কাপড়, পাতলা চাদর
শীত কাটাতে কম বলে
এই রাখে তো লেপ-তোশকে
আবার রাখে কল্পনে।

